[redacted]

“[redacted]” [redacted]

[redacted]

[redacted]

[

ঝিনাইদহে জাতীয় মৎস্য সপ্তাহ পালিত

“ভরবো মাছে মোদের দেশ, গড়বো স্মার্ট বাংলাদেশ” এ শ্লোগানে ঝিনাইদহে জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৪ উপলক্ষে মৎস্য অধিদপ্তর কর্তৃক গৃহীত কার্য্যক্রম বিষয়ে বর্ণাঢ্য র্যালী, পুকুরে পোনামাছ অবমুক্ত ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।
আজ বুধবার (৩১ জুলাই) সকালে পুরাতন ডিসি কোর্ট চত্বর প্রাঙ্গন থেকে এক বর্ণাঢ্য র্যালী শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে সদর উপজেলা চত্বরে গিয়ে শেষ হয়।
সেসময় উপজেলা পুকুরে ৬০ কেজি পোনামাছ অবমুক্তকরা হয়। পরে সদর উপজেলা সম্মেলন কক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সদর উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরীর সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম।
বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান মাসুম, সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, জেলা মৎস্য অফিসার ফরহাদুর রেজা, উপজেলা মৎস্য অফিসার গোলাম সরোয়ার, উপজেলা সমাজসেবা অফিসার আব্দুল হাই, মহিলা ভাইস চেয়ারম্যান বর্ষা হিজরা, প্রমূখ। উল্লেখ্য, জাতীয় মৎস্য সপ্তাহ ৩০ জুলাই থেকে ০৫ আগস্ট পর্যন্ত চলবে।

আলমডাঙ্গায় জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন উপলক্ষে মতবিনিময় সভা অনুষ্ঠিত

আলমডাঙ্গায় জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন উপলক্ষে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। প্রতিবছরের ন্যায় এ বছরেও আজ মঙ্গলবার ৩০ জুলাই হতে ৫ আগষ্ট জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৪ উদযাপিত হবে। এ উপলক্ষে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

”ভরবো মাছে মোদের দেশ,গড়বো স্মার্ট বাংলাদেশ” এই স্লোগান

বাস্তবায়নই এ বছরের মৎস্য সপ্তাহের মূল প্রতিপাদ্য বিষয় সামনে রেখে মৎস্য সপ্তাহ পালিত হবে।

আলমডাঙ্গা উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ে জাতীয় মৎস্য সপ্তাহ পালনে সাংবাদিকদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আলমডাঙ্গা উপজেলা মৎস্য কর্মকর্তা ফাতেমা কামরুন্নাহার আঁখি জানান,মাইকিং এর মাধ্যমে প্রচারণা, সড়ক র্যালি, উদ্বোধনী অনুষ্ঠান ও আলোচনা সভা, স্থানীয় পর্যায়ে সফল মাছচাষী ব্যক্তি, উদ্যোক্তা, প্রতিষ্ঠানকে মৎস্য পুরস্কার প্রদান, উপজেলার গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানের জলাশয়ে মাছ অবমুক্ত করণ, প্রান্তিক পর্যায়ে মৎস্যচাষী ও মৎসজীবিদের সাথে মতবিনিময়, মৎস্য চাষীদের মাছ চাষ বিষয়ক বিশেষ পরামর্শ সেবা প্রদান, পানির ভৌত রাসায়নিক পরীক্ষা, মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি সাফল্য বিষয় নির্মিত প্রামাণ্য চিত্র প্রদর্শন, উন্মুক্ত জলাশয়ে মাছের পোনা ছাড়া, জাতীয় মৎস্য সপ্তাহের মূল্যায়ন ও সমাপনী অনুষ্ঠিত হবে।

মতবিনিময়ে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা মৎস্য কর্মকর্তা ফাতেমা কামরুন্নাহার আঁখি, অফিস সহকারী মোঃ বেলাল হোসেন, ক্ষেত্র সহকারী এন এ টি পি মোঃ হাবিবুর রহমান, লিফ মোঃ মারুফুল বিশ্বাস অরুপ, আলমডাঙ্গা প্রেস ক্লাবের সভাপতি খোন্দকার শাহ আলম মন্টু, সহ সভাপতি খোন্দকার জামসিদুল হক মুনি, সাধারণ সম্পাদক খোন্দকার হামিদুল ইসলাম আজম, যুগ্ম সাধারণ সম্পাদক তানভীর সোহেল,সহ সাংগঠনিক সম্পাদক মোঃ বশিরুল আলম ও ক্রীড়া সম্পাদক গোলাম সরওয়ার সদু প্রমূখ

আলমডাঙ্গায় জাতীয় মৎস্য সপ্তাহের উদ্বোধন

আলমডাঙ্গায় জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩ উদযাপন উপলক্ষে উদ্বোধনী, আলোচনাসভা ও পুরস্কার প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

গতকাল মঙ্গলবার উপজেলা প্রশাসন ও উপজেলা মৎস্য অধিদপ্তরের

আয়োজনে জাতীয় মৎস্য সপ্তাহ উদ্বোধন করা হয়। এবারের প্রতিপাদ্য বিষয়“ নিরাপদ মাছে ভরবো দেশ, গড়বো স্মার্ট বাংলাদেশ। আলোচনা সভায় উপজেলা সহকারি কমিশনার ভূমি রেজওয়ানা নাহিদের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন।

বিশেষ অতিথি ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান অ্যাড. সালমুন আহাম্মদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, প্রাণী সম্পদ কর্মকর্তা ডা. আব্দুল্লাহিল কাফি, কৃষি সম্প্রসারন কর্মকর্তা সোহেল রানা, সমাজসেবা কর্মকর্তা নাজমুল হোসেন। স্বাগত বক্তব্য প্রদান করেন চুয়াডাঙ্গা সদর উপজেলার সিনিয়র মৎস্য কর্মকর্তা ও আলমডাঙ্গা উপজেলার অতিরিক্ত দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা রাজিউল ইসলাম।

কলেজিয়েট স্কুলের উপাধ্যক্ষ শামীম রেজার উপস্থাপনায় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা ফায়ার সার্ভিস ষ্টেশনের আনোয়ার হোসেন ও মিজানুর রহমান, খামারী শাতিল হাসান, আশিক আদনান, শাহিন রেজা, সেলিম রেজা, আব্দুর রাজ্জাক, আলমডাঙ্গা মৎস্য অফিসের ক্ষেত্র সহকারি হাবিবুর রহমান, কম্পিউটার অপারেটর বেলাল হোসেন প্রমুখ। পরে ৩ জন মৎস্য খামারীকে পুরস্কার তুলে দেওয়া হয়।

মেহেরপুরে জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষে র্যালী ও আলোচনা সভা

নিরাপদ মাছে ভরবে দেশ, গড়বো স্মার্ট বাংলাদেশ, এই প্রতিপাদ্য নিয়ে মেহেরপুরে জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৩ উপলক্ষে বর্ণাঢ্য র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে ।

আজ মঙ্গলবার (২৫ জলাই) সকালে জেলা প্রশাসক মোঃ শামীম হাসানের নেতৃত্বে র্যালীটি মেহেরপুর পাবলিক লাইব্রেরী চত্বর থেকে শুরু করে প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে গিয়ে শেষ হয়।

র্যালীতে অন্যদের মধ্যে অতিরিক্ত জেলা প্রশাসক (আইসিটি) আব্দুল

কাদির মিয়া, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান এডভোকেট ইয়ারুল ইসলাম, জেলা মৎস্য কর্মকর্তা রোকনুজ্জামান, সদর উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা জাকির হোসেনসহ বিভিন্ন শ্রেনী পেশার লোক র্যালীতে অংশগ্রহণ করেন।

পরে জেলা প্রশাসক শামীম হাসান ভৈরব নদে মাছের পোনা অবমুক্ত করেন। এসময় জেলা মৎস্য অফিসার রোকনুজ্জামান সহ অন্যরা উপস্থিত ছিলেন।

মিরপুরে ‘জাতীয় মৎস্য সপ্তাহ’ উপলক্ষ্যে র্যালি ও আলোচনা সভা

কুষ্টিয়ায় ‘জাতীয় মৎস্য সপ্তাহ -২০২৩’ উপলক্ষ্যে মৎস্য বিভাগের উদ্যোগে র্যালি, আলোচনা সভা এবং মৎস্য চাষীদের মধ্য পুরস্কার বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার সকালে উপজেলা পরিষদ মিলনায়তন র্যালি শেষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মিন্টু বিশ্বাসের সভাপতিত্বে ও উপজেলা মৎস্য কর্মকর্তা মোহাম্মদ শরীফের পরিচালনায় আলোচনা সভায় বক্তব্য রাখেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আবুল কাশেম জোয়ার্দ্দার, মহিলা ভাইস চেয়ারম্যান মর্জিনা খাতুন, দিশা সংষ্থার সহকারী পরিচালক এনামুল হক সালাম, উপজেলা সমাজসেবা কর্মকর্তা জামশেদ আলী, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নরুল ইসলাম নান্নু, পোড়াদহ মৎস্য বীজ খামারের ব্যবস্থাপক জগদ্বীশ চন্দ্র পাল প্রমুখ।

বক্তারা বলেন, মাছ আমাদের দেশে প্রাণিজ আমিষের প্রধান উৎস। হাজার বছর ধরে আবহমান বাংলার সংস্কৃতি ও ঐতিহ্যের সঙ্গে মিশে আছে মাছ শব্দটি। তাই প্রবাদেও আছে- ‘মাছে ভাতে বাঙালি’। এটি শুধু প্রবাদ

নয়, বাঙালির জাতীয় চেতনাও বটে। এ চেতনাকে ধারণ করেই মাছচাষি, মৎস্য বিজ্ঞানী ও গবেষক এবং সম্প্রসারণবিদসহ সংশ্লিষ্ট সবার নিরলস প্রচেষ্টায় বাংলাদেশ আজ মৎস্য সম্পদে অভূতপূর্ব সাফল্য অর্জন করেছে।

আলোচনা সভা শেষে শ্রেষ্ঠ মৎস্য চাষীদের পুরস্কৃত করা হয়।

আলমডাঙ্গায় জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন উপলক্ষে মতবিনিময় সভা

প্রতিবছরের ন্যায় এ বছরেও গতকাল সোমবার জুলাই হতে ৩০ শে জুলাই জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩ উদযাপিত হবে। এ উপলক্ষে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

” নিরাপদ মাছে ভরবো দেশ,গড়বো স্মার্ট বাংলাদেশ” এই স্লোগান বাস্তবায়নই এ বছরের মৎস সপ্তাহের মূল প্রতিপাদ্য বিষয় সামনে রেখে মৎস্য সপ্তাহ পালিত হবে।

আলমডাঙ্গা উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ে জাতীয় মৎস্ সপ্তাহ পালনে উপজেলার মৎস্যচাষি, মৎসজীবী, আড়ৎদার, মৎস ব্যবসায়ীসহ সাংবাদিকদের সাথে অনুষ্ঠিত এ মতবিনিময় সভায় হয়েছে।

আলমডাঙ্গা উপজেলা মৎস্য কর্মকর্তা (অঃদাঃ) মোঃ রাজিউল ইসলাম জানান,মাইকিং এর মাধ্যমে প্রচারণা,সড়ক র্যালি,উদ্বোধনী অনুষ্ঠান ও আলোচনা সভা, স্থানীয় পর্যায়ে সফল মাছচাষী ব্যক্তি, উদ্যোক্তা,

প্রতিষ্ঠানকে মৎস পুরস্কার প্রদান, উপজেলার গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানের জলাশয়ে মাছ অবমুক্ত কারণ, প্রান্তিক পর্যায়ে মৎস্যচাষী ও মৎসজীবিদের সাথে মতবিনিময়, মৎস্য চাষীদের মাছ চাষ বিষয়ক বিশেষ পরামর্শ সেবা প্রদান, পানির ভৌত রাসায়নিক পরীক্ষা, মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগত সাফল্য বিষয় নির্মিত প্রামাণ্য চিত্র প্রদর্শন,উন্মুক্ত জলাশয়ে মাছের পোনা ছাড়া,

জাতীয় মৎস্য সপ্তাহের মূল্যায়ন ও সমাপনী অনুষ্ঠিত হবে।

মতবিনিময়ে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা মৎস কর্মকর্তা মোঃ রাজিউল আহাম্মদ, অফিস সহকারী মোঃ বেলাল হোসেন,ক্ষেত্র সহকারী এন এ টি পি মোঃ হাবিবুর রহমান, লিফ মোঃ মারুফুল বিশ্বাস অরুপ, আলমডাঙ্গা উপজেলা প্রেস ক্লাবের সভাপতি নাহিদ হাসান, সাধারণ সম্পাদক এন এইচ শাওন, সাংবাদিক শরিফুল ইসলাম রোকন, তানভীর সোহেল, রানা আহমেদ, মৎস চাষী ও মৎস্যজীবী হোসেন, হেলাল,বাবু, সম্রাট, আসিফ, মারুফুল ইসলাম, রানা, আসাদ, পলান, মনিরুজ্জামান প্রমূখ

গাংনীতে জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষে মতবিনিময় সভা

‘নিরাপদ মাছে ভরবো দেশ, গড়বো স্মার্ট বাংলাদেশ’ প্রতিপাদ্য নিয়ে উপজেলা মৎস্য চাষ উন্নয়ন কমিটি ও গণমাধ্যমকর্মীদের সাথে মতবিনিময় সভার মধ্যে দিয়ে মেহেরপুরের গাংনীতে মৎস্য সপ্তাহ-২০২৩ এর উদ্বোধন করা হয়েছে।
আজ সোমবার (২৪ জুলাই) সকাল সাড়ে ১০ টার সময় জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৩ উপলক্ষে গাংনী প্রশাসন ও উপজেলা মৎস্য দপ্তরের আয়োজনে উপজেলা পরিষদ সভাকক্ষে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।
জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন কমিটির সভাপতি উপজেলা নির্বাহী অফিসারের প্রতিনিধি মৎস্য কর্মকর্তা খোন্দকার সহিদুর রহমানের সভাপতিত্বে মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন, জাতীয় সংদস্যের প্রতিনিধি মনিরুজ্জামান আতু, গাংনী উপজেলা সমাজ সেবা অফিসার আরশাদ আলী, পল্লী উন্নয়ন অফিসার শাহ আলম, গাংনী উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নাসিমা খাতুন, যুব উন্নয়ন অফিসার আসাদুজ্জামান প্রমুখ।
মতবিনিময় সভার শুরুতে মৎস্য সপ্তাহের লক্ষ্য ও উদ্দেশ্য তুলে ধরে শুভেচ্ছা বক্তব্য রাখেন, উপজেলা মৎস্য অফিসার খোন্দকার শহিদুর রহমান।

মৎস্য সম্পদের সুরক্ষা ও সমৃদ্ধি অর্জনে মৎস্য অধিদপ্তর কর্তৃক গৃহিত কার্যক্রম বিষয়ে মতবিনিময় করা হয়। এসময় মৎস্য সপ্তাহের কর্মসূচি ঘোষনা করেন।
কর্মসূচির মধ্যে রয়েছে, মৎস্যচাষে উদ্বুদ্ধ করতে ব্যাপক প্রচার প্রচারণা, মাছের পোনা অবমুক্তকরণ, মাছ উৎপাদনে করণীয় বিষয় নিয়ে বক্তব্য উপস্থাপন করা হয়।
এসময় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, গাংনী উপজেলা প্রেস ক্লাবের সাবেক সভাপতি আমিরুল ইসলাম অল্ডাম , সাংবাদিক মাজেদুল হক মানিক প্রমুখ।

উপজেলা মৎস্য বিভাগের কর্মকর্তা-কর্মচারীসহ সভায় গাংনী উপজেলা মৎস্য চাষ উন্নয়ন কমিটির সদস্যবৃন্দ এবং সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে জাতীয় মৎস্য সপ্তাহের মূল্যয়ন ও সমাপনী

মূল্যায়ন ও সমাপনী অনুষ্ঠানের মধ্যদিয়ে শেষ হল ৭ দিনের জাতীয় মৎস্য সপ্তাহ। গতকাল শুক্রবার সকালে কোটচাঁদপুর উপজেলা সম্মেলন কক্ষে সমাপনী সভা করা হয়।

সভায় সভাপতিত্ব করেন কোটচাঁদপুর উপজেলার নির্বাহী কর্মকর্তা মোঃ দেলোয়ার হোসেন। মূল্যায়ন ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা চেয়ারম্যান ও আওয়ামী লীগের সভাপতি মোছাঃ শরিফুননেসা মিকি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, উপজেলা প্রকৌশলী রুহুল ইসলাম, কৃষি কর্মকর্তা মোঃ মহাসিন আলী। এ সময় শতাধিক মৎস্যীজীবি উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন কোটচাঁদপুর উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্চয় কুমার।

পরে মৎস্যজীবিদের হাতে মৎস্য আহরনের বিভিন্ন সামগ্রী তুলে দেন

মেহেরপুরে জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষে মাছের পোনা অবমুক্তকরণ

“নিরাপদ মাছে ভরবো দেশ,বঙ্গবন্ধুর বাংলাদেশ”এ প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরে মৎস্য সপ্তাহ উপলক্ষে মাছের পোনা অবমুক্ত করা হয়েছে।

আজ রবিবার বিকেল সাড়ে পাঁচটার দিকে পন্টের ঘাট ভৈরব নদীতে ৩৫ কেজি মাছের পোনা অবমুক্ত করা হয়।

মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান উপস্থিত থেকে নিচ হাতে মাছের পোনা অবমুক্ত করেন।
এসময় স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধ মোহাম্মদ মোজাহিদুল ইসলাম,মৎস্য সম্পর্কিত জেলা কমিটির প্রতিনিধি ও পৌর আওয়ামী লীগের সভাপতি ইকবাল হোসেন বুলবুল,জেলা মৎস্য কর্মকর্তা মোঃ রোকনুজ্জামান, সহকারী মৎস্য কর্মকর্তা জাকির হোসেন, জেলা মৎস্য খামার ব্যবস্থাপক ইকবাল হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।